ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**মহান বিজয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মুহাম্মদ আসাদুজ্জামান, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ২৬ কার্তিক ।। ১১ নভেম্বর ২০২৫ |
| সময় | : বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | : সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২ |

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানান। সভায় মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহতসহ সকল বীর মুক্তিযোদ্ধা, তাদেঁর পরিবারবর্গ এবং পরম আত্মত্যাগকারী মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৪ সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় মহান বিজয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে বিগত ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়।

অতঃপর আগামী ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায়, সুষ্ঠু, সুন্দর ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | ১৬/১২/২০২৫ খ্রি: সূর্যোদয়ের সাথে সাথে | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অফিসসমূহ ও অন্যান্য স্থাপনায় পতাকা বিধি অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | ক) সচিব, ডিএনসিসি<br>খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি<br>গ) সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ, ডিএনসিসি |
| | | (খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | ক) প্রকৌশল বিভাগ, ডিএনসিসি<br>খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল),ডিএনসিসি<br>গ) ভান্ডার ও ক্রয় বিভাগ, ডিএনসিসি |
| ২. | ১৫/১২/২০২৫ এবং ১৬/১২/২০২৫ খ্রি: | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাসমূহে জাঁকজমকপূর্ণভাবে আলোকসজ্জা করতে হবে। অন্যান্য প্রতিষ্ঠানসমূহকেও এ বিষয়ে উৎসাহিত করতে হবে। | (ক) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>(খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি<br>(গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সৌন্দর্যবর্ধক পানির ফোয়ারাসমূহ সকাল ও সন্ধ্যায় চালু রাখা হবে। | ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি |
| ৩. | ১৬/১২/২০২৫ খ্রি: | ঢাকা শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন রঙের নিশান দ্বারা সজ্জিতকরণ করা হবে। | ক) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ডিএনসিসি<br>(খ) প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা<br>গ)তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি<br>ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল) সৌন্দর্যবর্ধন সেল, ডিএনসিসি |
| ৪. | ১৬/১২/২০২৫ খ্রি: | (ক) নগর ভবন, প্রধান কার্যালয়ে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/ যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা করা হবে।<br>(খ) এজন্য প্রত্যেক আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার অনুকূলে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা করে বরাদ্দ প্রদানের সুপারিশ করা হয়। | (ক) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি<br>(খ) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি |
| ৫. | ১৬/১২/২০২৫ খ্রি: | শিশু পার্কসমূহ শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা করা। | ক) প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি |
| ৬. | ১৬/১২/২০২৫ খ্রি: | মহান বিজয় দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা এবং গুরুত্বপূর্ণ অতিথিবৃন্দের সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে যাতায়াতের পথ সংস্কার পরিষ্কার-পরিচ্ছন্ন করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এবিষয়ে সাভার পৌরসভা কর্তৃপক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগা করে জাতীয় স্মৃতিসৌধে যাতায়াতের পথ সংস্কার পরিষ্কার-পরিচ্ছন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি<br>খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি |
| ৭. | ১৬/১২/২০২৫ খ্রি: | মাননীয় প্রশাসক/ মাননীয় প্রশাসক, ডিএনসিসির পক্ষ থেকে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এর ব্যবস্থা করতে হবে। | ক) প্রধান সমাজকল্যান ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি<br>খ) নিরাপত্তা কর্মকর্তা, ডিএনসিসি |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১১/২৫

মুহাম্মদ আসাদুজ্জামান
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২-১০৮৭

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২
২৬ নভেম্বর ২০২৫

বিতরণ: কার্যার্থে (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

০১. বিভাগীয় প্রধান (সকল), ............................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

০২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

০৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

০৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য

০৫. সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী.......................................................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

০৭. জনাব..........................................................................................................।

০৮. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৯. অফিস কপি।